

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ইউরোপ শাখা
ঢাকা

নং-১৯.০০.০০০০. ৪৫৭.৭১.১১৭.১৭.৫৬১

২৭ মে ২০১৭

প্রেরক : নির্বাহী অধিকারী
সহকারী সচিব (ইউরোপ-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ খালেদ
পরিচালক (ইউরোপ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ২৮-৩০ মে ২০১৭ তারিখে সুইজারল্যান্ডে অনুষ্ঠিতব্য বাংলাদেশ- সুইজারল্যান্ড এর মধ্যে তৃতীয় Foreign Office Consultations এ অংশগ্রহণের নিমিত্ত প্রতিনিধিদলের সদস্য হিসেবে জনাব মোঃ খালেদ, পরিচালক (ইউরোপ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২৮-৩০ মে ২০১৭ তারিখে সুইজারল্যান্ডে অনুষ্ঠিতব্য বাংলাদেশ- সুইজারল্যান্ড- এর মধ্যে তৃতীয় Foreign Office Consultations- এ অংশগ্রহণের নিমিত্ত প্রতিনিধিদলের সদস্য হিসেবে আপনার অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ২৭ মে ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে সুইজারল্যান্ড এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ভ্রমণ শেষে আগামী ৩১ মে ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে সুইজারল্যান্ড ত্যাগ করবেন।

৩। সফরকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ৩-১৮০১-০০০১-৪৮০১) হতে বিকলন করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,




নির্বাহী অধিকারী
সহকারী সচিব (ইউরোপ-১)
ফোন : ৪৭১১০৬৪৬

নং-১৯.০০.০০০০. ৪৫৭.৩৭.৬০৪.১৭. ৫৬১

২৭ মে ২০১৭

বিতরণ :

- ১। মহাপরিচালক (প্রশাসন/ ইউরোপ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, জেনেভা।
- ৮। অফিস কপি।



নির্বাহী অধিকারী
সহকারী সচিব (ইউরোপ-১)